



ঘরে থাকি \* সামাজিক দূরত্ব বজায় রাখি \*  
করোনাভাইরাস সংক্রমণ রোধ করি \* জীবন  
বাঁচাই

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.৮

তারিখ: ৮ বৈশাখ ১৪২৭

২১ এপ্রিল ২০২০

বিষয়: বোরো ধান আহরণে কৃষকদের সহায়তা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস রোগ (COVID-19) এর প্রাদুর্ভাবজনিত বৈশ্বিক মহামারীর প্রভাব বাংলাদেশেও পড়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিভিন্ন ক্ষেত্রে করোনাভাইরাস সংক্রমণের বিরূপ প্রভাব বিবেচনায় নিয়ে ইতোমধ্যে আগামী ০৩ (তিন) বছরের জন্য বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছেন। একইসঙ্গে তিনি জরুরিভিত্তিতে প্রায় ৫ (পাঁচ) কোটি মানুষের খাদ্য সরবরাহের উদ্যোগ গ্রহণ করেছেন। পাশাপাশি সরকারের সঠিক পদক্ষেপ গ্রহণ ও অনুকূল আবহাওয়ার কারণে এ বছর বোরো ধানের যে বাম্পার ফলন হয়েছে তা যেন সঠিক সময়ে কৃষকের ঘরে উঠে তা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন; এবং এ বিষয়ে অন্যান্য অনেকের মত শিক্ষক-শিক্ষার্থীদেরও কৃষকদের পাশে দাঁড়ানোর আহবান জানিয়েছেন।

উদ্ধৃত পরিস্থিতিতে দেশের যেসব অঞ্চলে বোরো ধান আহরণের ক্ষেত্রে কৃষকদের সহায়তা করা প্রয়োজন সেসব এলাকার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে কৃষকদের প্রয়োজনীয় সাহায্য প্রদান করার অনুরোধ করা হলো। প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে তাঁরা অন্যান্য শিক্ষক এবং দায়িত্ববোধ সম্পন্ন ও প্রশিক্ষণপ্রাপ্ত (স্কাউটস/রোভার স্কাউটস ইত্যাদি) শিক্ষার্থীদের নিয়ে তাঁদের প্রতিষ্ঠান সংলগ্ন এলাকার কৃষকদের সহায়তায় এগিয়ে যাবেন। প্রয়োজনে কৃষকদেরকে তাঁদের প্রতিষ্ঠান প্রাঙ্গণ ব্যবহার করার সুযোগ করে দেবেন।

এ পরিপ্রেক্ষিতে বোরো ধান আহরণে কৃষকদের সর্বাঙ্গিক সহায়তা প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

২১-৪-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২) অধ্যক্ষ, সকল কলেজ
- ৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
- ৫) প্রধান শিক্ষক, সকল বিদ্যালয়:
- ৬) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল


উপজেলা/থানা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.৮/১(৯)

তারিখ: ৮ বৈশাখ ১৪২৭  
২১ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
(পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) সভাপতি, এসএমসি/গভর্নিং বডি (সকল প্রতিষ্ঠান)
- ৫) সংরক্ষণ নথি।



২১-৪-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক